

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা ও দায়রা জজ-এর কার্যালয়, নাটোর  
natore.judiciary.gov.bd

আদেশ নং- ২১৫

তারিখ- ১৩/১১/২০২৫ খ্রিঃ।

নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটির গত ০৪/১১/২০২৫ খ্রিঃ তারিখের ৭৫৬ নং স্মারকমূলে 'সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর' পদে নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি কর্তৃক মেধাক্রমানুসারে প্রথম ০৭ (সাত) জন প্রার্থীকে নিয়োগ প্রদানের এবং মেধাক্রমানুসারে পরবর্তী ০৭ (সাত) জন প্রার্থীকে অপেক্ষমান রেখে সুপারিশ প্রেরণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে অদ্য ১৩/১১/২০২৫ খ্রিঃ তারিখ অফিস সময়ের মধ্যে যোগদানের নির্দেশসহ মেধাক্রমানুসারে প্রথম ০৭ (সাত) জন প্রার্থীর প্রতি গত ০৪/১১/২০২৫ খ্রিঃ তারিখে নিয়োগ আদেশ ইস্যু করা হয় যার অনুলিপি সরকারি দাপ্তরিক ওয়েবসাইটে প্রচার করা হয়েছে। সে মোতাবেক অদ্য বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে নিয়োগ আদেশ প্রাপ্ত প্রার্থীগণের মধ্যে ০৬ (ছয়) জন ইতোমধ্যেই যোগদান করেছেন মর্মে প্রশাসনিক কর্মকর্তা কর্তৃক অদ্য বিকাল ০৫:৩০ ঘটিকায় দাখিলকৃত প্রতিবেদন হতে জানা যায়।

এমতাবস্থায়, এখন পর্যন্ত শূন্য থাকা ০১ (এক) টি 'সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর' পদে যোগদানে আগ্রহী ও উপযুক্ত প্রার্থী পাওয়ার সুবিধার্থে মেধাক্রমানুসারে পরবর্তী অপেক্ষমান ০৫ (পাঁচ) জন প্রার্থীর মধ্যে উক্ত পদে যোগদানের জন্য আগ্রহী প্রার্থীগণকে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে আগামী ১৮/১১/২০২৫ খ্রিঃ তারিখ অফিস সময়ের মধ্যে সশরীরে উপস্থিত হয়ে যোগাযোগের জন্য নির্দেশ দেওয়া হলো।

উল্লেখ্য যে, উক্ত তারিখ অফিস সময়ের মধ্যে শূন্য থাকা ০১ (এক) টি 'সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর' পদে যোগদানে আগ্রহী ও উপযুক্ত একাধিক প্রার্থী পাওয়া গেলে তাদের মধ্যে মেধাক্রমানুসারে উত্তম ০১ (এক) জন প্রার্থীর প্রতি সরাসরি নিয়োগ আদেশ ইস্যু করা হবে।

আরো উল্লেখ্য যে, উক্ত তারিখ অফিস সময়ের মধ্যে শূন্য থাকা ০১ (এক) টি 'সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর' পদে যোগদানে আগ্রহী ও উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে কারণ দর্শানো ব্যতিরেকে/বিনা নোটিশে মেধাক্রমানুসারে পরবর্তী অপেক্ষমান প্রার্থীগণের মধ্য হতে আগ্রহী প্রার্থীকে শূন্য পদে নিয়োগ প্রদান করা হবে। যোগদানের জন্য উপস্থিত প্রার্থীগণকে কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।

অত্র আদেশের একটি অনুলিপি সরকারি দাপ্তরিক ওয়েবসাইটে প্রচার করা হোক।

অপেক্ষমান মেধাক্রম নং	রোল নম্বর	প্রার্থীর নাম
১	২৪৮	আবু হাসান
২	৮১	মোঃ সোহেল রানা
৩	৩৯১	মোঃ ইসরাফিল ইসলাম সাগর
৪	১৩১	মোঃ আব্দুল হামিদ
৫	৬১	মোবারক মিয়া



(শেখ মোঃ নাসিরুল হক)  
সিনিয়র জেলা ও দায়রা জজ  
নাটোর।

১৩/১১/২০২৫ খ্রিঃ।